

২। (ক) বাংলা নাট্যাভিনয়ের ক্ষেত্রে নাট্য নিয়ন্ত্রণ বিল উপস্থাপনার প্রেক্ষাপট বর্ণনা কর। প্রসঙ্গত বিলটির বিষয়বস্তু ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা কর। ৫+৫+৫
অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো :

৭^১/_২+৭^১/_২

(অ) ন্যাশানাল থিয়েটার (দ্বিতীয় পর্ব) (আ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার
(ই) বেলগাছিয়া নাট্যশালা (ঈ) বাগবাজার অ্যামেচার থিয়েটার।

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসন অবলম্বনে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ কর। ১০

অথবা, (খ) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসন হিসাবে কতটা সার্থক তা বিচার কর। ১০

৪। (ক) ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনের সংলাপের উপযোগিতা ও গুরুত্ব বিচার কর। ১০

অথবা, (খ) ‘বুড়ো সালিকের ঘাড়ে রৌঁ’ প্রহসনে নাট্যকারের হাস্যরস পরিবেশনের নৈপুণ্য সম্পর্কে আলোচনা কর। ১০

৫। (ক) ‘মুক্তধারা’ নাটকে ধনঞ্জয় চরিত্রটি অঙ্কনের সার্থকতা বিচার কর। ১৫
অথবা, (খ) ‘মুক্তধারা’ নাটকের সঙ্গীত কীভাবে নাটকটির মূল বক্তব্য প্রকাশে সহায়ক হয়েছে দেখাও। ১৫

৬। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘মানুষের ভিতরকার রহস্য বিধাতা বাইরের কোথাও না কোথাও লিখে রেখে দেন; আমার অন্তরের কথা আছে ঐ মুক্তধারার মধ্যে’— কে বলেছে? কাকে বলেছে এবং কেন বলেছে? ১+১+৩

(খ) ‘সহজ শিকল আমাদের নয়, পাকের পর পাক, গ্রস্থির পর গ্রস্থি’। — কে কাকে বলেছে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? বক্তা একথার মধ্য দিয়ে কী বোঝাতে চেয়েছেন? ১+১+১+২

(গ) ‘সেইখানে যন্ত্রাসুরকে তিনি আঘাত করলেন, যন্ত্রাসুর তাঁকে সেই আঘাত ফিরিয়ে দিলে’। — কে কাকে বলেছে? একথা কেন বলা হয়েছে আলোচনা কর। ১+১+৩

(ঘ) ‘দেখেছ ওর পিছন থেকে সূর্য যেন ক্রুদ্ধ হয়ে উঠেছেন? আর, ওটাকে দানবের উদ্যত মুষ্টির মতো দেখাচ্ছে’। — কে কাকে বলেছে? প্রসঙ্গ নির্দেশ কর। ১+১+৩

৭। (ক) ‘টিনের তলোয়ার’ নাটকের ময়না একটি প্রতিবাদদৃশ্য চরিত্র। — সংশ্লিষ্ট নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ কর। ১৫

৭। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “তোমাদের মিলন অক্ষয় হোক।” কে বলেছেন? কাদের বলেছেন? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ১+১+৩

(খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী চলে গেছে।” প্রসঙ্গ উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৫

(গ) “ঠিক নামটি হয়েছে, মিতালি।”—বক্তা কে? নামকরণটি কে, কার জন্য করলেন? প্রসঙ্গটি সূত্রাকারে আলোচনা কর। ১+২+২

(ঘ) “এনামেল করা মুখের উপর দিয়ে দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।”—মুখটি কার? প্রসঙ্গ উল্লেখপূর্বক অংশটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+৪

৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসাবে ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের সার্থকতা বিচার কর। ১৫

(খ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের প্রকৃত নায়ক কে?—যুক্তিসহ বিচার কর। ১৫

৯। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “গোটা কাহারপাড়ার আবাল-বৃদ্ধ-বনিতা স্তম্ভিত এবং স্তব্ধ হয়ে গেল করালীর কথা শুনে...।” করালী কী বলেছিল? এতে সকলের স্তম্ভিত হওয়ার কারণ কী ব্যাখ্যা কর। ২+৩

(খ) “কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে।”—প্রসঙ্গ উল্লেখপূর্বক অংশটির অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট কর। ১+৪

(গ) “ওর এত বড় বাড়—আমার গায়ে ব্যাঙ দেয়—” কার প্রতি কার উক্তি? এ অভিযোগের উত্তরে কে কী প্রতিবিধানের ব্যবস্থার কথা বলেছিল? ১+১+১+২

(ঘ) “উপকথার কোপাইকে ইতিহাসের গঙ্গায় মিশিয়ে দেবার পথ কাটছে।” কে পথ কাটছে? কেন সে এমন করছে তা বুঝিয়ে লেখো। ১+৪

চতুর্থ পত্র — ২০১৩

পূর্ণমান—১০০

১। (ক) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর। এই বৈশিষ্ট্যের আলোকে একটি বাংলা ট্রাজেডি নাটক বিশ্লেষণ কর। ২+৫+৮

অথবা, (খ) যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৭½+৭½

(অ) ঐতিহাসিক নাটক (আ) পৌরাণিক নাটক (ই) অ্যাবসার্ড নাটক (ঈ) একাঙ্ক নাটক।

8 C.U.B.A. Bengali (Hons.) Question Papers (Part-I&II)—2013

অথবা, (খ) উৎপল দত্ত-র 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার কর। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'অন্ধকারের জীবেরা আলো সহিতে পারবে কেন?'—কে, কাকে, কেন বলেছে আলোচনা কর। ১+১+৩

(খ) 'বাংলা ভাষার জন্য প্রাণ কাঁদে তো দলের নাম পর্যন্ত ইংরিজি কেন?' প্রসঙ্গ নির্দেশসহ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৫

(গ) 'দু'হাতে দশটা হীরের আংটি। যে কোনো একটা দিয়ে সাহিত্য-ফাহিত্য কিনে রাখতে পারি।'—বক্তা কে? উক্তিটির প্রাসঙ্গিকতা আলোচনা কর। এর মধ্য দিয়ে বক্তার চরিত্রের কী পরিচয় পাও? ১+২+২

(ঘ) 'তুমি হয়তো থিয়েটারের জন্য ইজ্জৎ বেচতে পারো, সবাই অত সম্মা নাও হতে পারে।'— কে কাকে বলেছে? একথা বলার কারণ কী? ১+১+৩